Remove Watermark Now

# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের গবেষণা বরাদ্দ ও পরিচালনার শর্তাবলী

ক) বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের সকল গবেষণা বরাদ্দ (নিয়মিত এবং বিশেষ) এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/শিক্ষকগণ দ্বারা পরিচালিত সকল গবেষণা প্রকল্প সমূহ"বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় গবেষণা ও সম্প্রসারণ নীতিমালা-২০২০" এর আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও সম্প্রসারণ কার্যালয় (ORE) কর্তৃক নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলী দ্বারা পরিচালিত হবেঃ

১। শুধুমাত্র বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের কর্মরত নিয়মিত শিক্ষকগণ গবেষণা বরাদ্দের জন্য বিবেচিত হবেন। শিক্ষাছুটিতে থাকাকালীন শিক্ষকগণ আবেদন করতে পারবে না।

২। প্রতি অর্থবছর শুরুর অব্যবহিত পূর্বে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও সম্প্রসারণ কার্যালয় (ORE) সংশ্লিষ্ট অর্থবছরের জন্য গবেষণা প্রকল্প আহ্বান করবেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ গবেষণা প্রকল্পের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন এবং সুপারিশসহ ORE অফিসে জমা দিবেন। "বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় গবেষণা ও সম্প্রসারণ নীতিমালা-২০২০" অনুসারে ORE সংশ্লিষ্ট অর্থবছরের জন্য গবেষণা প্রস্তাব নির্বাচন করবেন ও অনুমোদিত গবেষণা প্রস্তাবের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করবেন। উক্ত কার্যক্রমে ORE প্রয়োজনবোধে অভিজ্ঞ সদস্য নিয়োগ দিতে পারবেন। এছাড়াও ORE সকল চলমান গবেষণা প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ করবে।

৩। একজন প্রধান গবেষক (Principal Researcher; PR), একজন সহকারী গবেষক (Co-Researcher; CR) (যদি প্রয়োজন হয়), একজন গবেষনা সহকারী (Research Assistant; RA) এবং একজন সাহায্যকারী (Support Staff; SS) (যদি প্রয়োজন হয়) নিয়ে গবেষক দল গঠিত হবে। সহকারী গবেষক (Co-Researcher; CR) হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছাড়াও প্রয়োজনবোধে অন্য বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান বা ইন্ডাস্ট্রি সংশ্লিষ্ট বিশেষজ্ঞকে যৌক্তিকতা সাপেক্ষে নিয়োগ দেওয়া যাবে। এছাড়াও শিক্ষক-শিক্ষার্থী যৌথ গবেষণার ক্ষেত্রে স্নাতকোত্তর/স্নাতক (প্রযোজ্য ক্ষেত্রে) থিসিসের সংশ্লিষ্ট সুপারভাইজার প্রধান গবেষক (Principal Researcher; PR), কো-সুপারভাইজার (যদি থাকে) সহকারী গবেষক (Co-Researcher; CR) এবং সংশ্লিষ্ট শিক্ষার্থী গবেষণা সহকারী (Research Assistant; RA) হিসেবে গন্য হবেন।

৪। গবেষণা প্রকল্পের সর্বোচ্চ মেয়াদ কাল সাধারণত বারো (১২) মাস বা এক (১) বছর। প্রতি অর্থবছরের শুরুর তারিখ থেকে অথবা গবেষণা বরাদ্দের ১ম কিস্তির অর্থ ছাড়ের তারিখ হতে প্রকল্পের মেয়াদকাল গণনা শুরু হবে। এক অর্থবছরের প্রকল্প উক্ত অর্থবছরেই শেষ করতে হবে। তবে প্রয়োজনবোধে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

৫। একটি গবেষনা প্রকল্পে সাধারণভাবে সর্বোচ্চ তিন লাখ (৩০০০০০.০০) টাকা বরাদ্দ দেওয়া হবে। তবে বিশেষ ক্ষেত্রে গবেষণার গুরুত্ব ও বিষয়বস্তু বিবেচনায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত গবেষণা বরাদ্দ বৃদ্ধি করা যেতে পারে। চূড়ান্ত গবেষণা বরাদ্দপ্রাপ্ত প্রকল্পের প্রধান গবেষকের অনুকূলে বিশ্ববিদ্যালয়ের হিসাব শাখা হতে চেকের মাধ্যমে ১ম কিস্তির অর্থ ছাড় করা হবে। এছাড়াও প্রধান গবেষক (PR) প্রয়োজনবোধে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর সুপারিশ এবং HOPE (ভাইস চ্যান্সেলর)-এর অনুমোদন নিয়ে নিজ নামে একটি ব্যাংক হিসাব খুলতে পারবেন।

৬। প্রধান গবেষক (PR) প্রকল্পের গবেষণা সহকারী (RA) হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রভাষক অথবা ভালো ফলাফল ও সংশ্লিষ্ট গবেষণায় অভিজ্ঞতাসম্পন্ন স্নাতকোত্তর শিক্ষার্থীকে (সংশ্লিষ্ট বিভাগে স্নাতকোত্তর শিক্ষার্থী না থাকলে স্নাতক পর্যায়ের শিক্ষার্থী) নিয়োগ দিবেন এবং RE ORE অফিসে অবগত করবেন। উল্লেখ্য যে, একজন গবেষণা সহকারী (RA) কেবলমাত্র একটি প্রকল্পের গবেষণা কাজ করতে পারবে এবং উক্ত প্রকল্পের কাজ শেষ না করে নতুন প্রকল্পে যোগ দিতে পারবে না। গবেষণা সহকারী (RA) যোগদানের তারিখ, সম্মতিপত্রের সাথে যোগদানপত্র, জীবন বৃত্তান্ত ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট সমূহের সত্যায়িত কপি প্রধান গবেষকের মাধ্যমে

pdfelement

Remove Watermark Now



পরিচালক (গবেষণা ও সম্প্রসারন) এর অফিসে জমা দিতে হবে। গবেষনা সহকারীর নিয়োগপত্রে তার পারিশ্রমিক উল্লেখ থাকতে হবে। প্রকল্প চলাকালীন সময় গবেষণা সহকারী (RA) পদত্যাগ করলে নতুন গবেষণা সহকারীর নিয়োগপত্র ও যোগদান যথানিয়মে ORE অফিসে জমা দিতে হবে।

৭। সম্মানী ও পারিশ্রমিক বাবদ মোট প্রকল্প ব্যয়ের শতকরা ৫০ ভাগের উপরে ব্যয় করা যাবে না। প্রকল্পের গবেষণার কাজ পরিচালনা করার জন্য PR এবং CR সম্মানী হিসেবে এক মাসের মূল বেতনের সমপরিমান (যা ৫০,০০০ টাকার উর্ধে নয়) অর্থ পাবেন। গবেষণা সহকারী ও সাহায্যকারীর পারিশ্রমিক মাসিক ভাতা হিসেবে নির্ধারিত হবে।

৮। প্রকল্পের অনুকুলে ছাড়কৃত অর্থের খাতভিত্তিক ব্যয় বিবরনী ও খরচের সীমা নির্ধারনে ORE কর্তৃক নির্ধারিত সীমা অনুসরণ করতে হবে (নিম্নে সংযুক্ত ছক-১)। অনুমোদিত গবেষণা প্রকল্পের টাকা ২টি কিস্তিতে ছাড় দেয়া হবে। প্রথম কিস্তিতে গবেষণার জন্য কাঁচামাল, যন্ত্রপাতি ও গবেষণা সহকারী ও সাহায্যকারীর মাসিক ভাতা ছাড় করা হবে। চূড়ান্ত গবেষণা প্রতিবেদন সংশ্লিষ্ট বিশেষজ্ঞ দ্বারা মুল্যায়িত, গৃহীত এবং ORE কর্তৃক অনুমোদনের পর প্রধান গবেষক ও সহকারী গবেষকের সম্মানীসহ অবশিষ্ট টাকা ছাড় করা হবে। প্রকল্প বাস্তবায়নকালে প্রধান গবেষক (PR) প্রয়োজন হলে পরিচালক (গবেষনা ও সম্প্রসারন)-এর অনুমোদন সাপেক্ষে গবেষণা বরাদ্দের উপখাত সমূহের মধ্যে অন্তঃখাত সমন্বয় (re-allocation) করতে পারবেন।

**Table 1: Details of Budget limit and Sanction Policy**

| S.N. | Item(s) | Max. Limit | 1st Installment | 2nd Installment |
|---|---|---|---|---|
| (a) | Honorarium of the Principal Researcher (PR)<br>(Basic salary of one month but not over Tk. 50,000/=) | | | 100% |
| (b) | * Honorarium of Co-Researcher (CR) (if req.)<br>(Basic salary of one month but not over Tk. 50,000/=) | 50% of Total Budget | | 100% |
| | ** Allowance of Research Assistant (RA)<br>(Fixed monthly allowance max. @8000 Tk/month ) | | 100% | |
| | ***Allowance of Support Staff (SS) (if req.)<br>(Fixed monthly allowance max. @3500 Tk/month) | | | |
| (c) | Cost of raw materials, chemicals, accessories, m/c parts and services to support research activities.<br>(Price list of items not available from own department) | | 100% | |
| (d) | Data collection, survey, sample preparation, collection, field work, testing, characterization, publication etc. | | 100% | |
| (e) | Local Travel and Transportation (if any) | Tk. 5000/= | 100% | |
| (f) | Preparation and Binding of Final report | Tk. 5000/= | 100% | |
| (g) | Stationery / Miscellaneous | Tk. 5000/= | 100% | |
| (h) | Evaluation of Final Report by Reviewer<br>(Reviewer, Review from at least one reviewer is mandatory, min. Tk. 3000/) | | 100% | |
| The approved budget limit for a one-year project is Tk. 3,00,000/= | | | | |

**Note:**
* Only permanent faculty of BUTEX are allowed to be recruited as Co-Researcher (CR), no part time faculty members are eligible for appointment. In special case, expertise from other academic/research institute/industry can be appointed as CR and PR justify his/her contribution in the research work in proposal.
** Faculty member of this university or PG students only with good academic record and research interest are allowed to appoint as Research Assistant (RA).
*** PR must justified the recruitment of this position in proposal.

pdfelement

৯। সকল ক্রয় এবং ব্যয় সরকার, ইউজিসি ও বিশ্ববিদ্যালয়ে প্রচলিত আর্থিক নিয়ম অনুসারে পরিচালনা করতে হবে। গবেষণা প্রকল্পের বরাদ্দ হতে অফিসের কোন আসবাবপত্র ক্রয় করা যাবে না। তবে ক্ষুদ্র যন্ত্র, মেশিনারিজ পার্টস এবং কম্পিউটার এক্সেসরিজ ইত্যাদি ক্রয় করা যাবে।

১০। গবেষণা কাজের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত আর্থিক বরাদ্দের টাকায় ক্রয়কৃত যন্ত্রপাতি, বই, জার্নাল, যে কোন গ্রন্থাগার সামগ্রী ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি বলে গণ্য হবে। এসব সামগ্রী ক্রয়ের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় স্টোর বা গ্রন্থাগারের Accession Register-এ সংশ্লিষ্ট বিভাগের নামে লিপিবদ্ধ করতে হবে। এগুলো কেন্দ্রীয় স্টোরে বা গ্রন্থাগারে গৃহীত হয়েছে এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে একটি প্রত্যয়নপত্র পরিচালক (গবেষণাও সম্প্রসারণ)-এর OREঅফিসে প্রেরণ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী গবেষক সে সকল ক্রয়কৃত সামগ্রী বিভাগের মাধ্যমে নিজ নামে ইস্যু করে গবেষণা কাজে ব্যবহার করবেন।

১১। চূড়ান্ত গবেষণা প্রতিবেদন / রিপোর্ট ORE অফিস কর্তৃক নির্ধারিত ফরম্যাট অনুসরন করে প্রস্তুত হবে। চূড়ান্ত গবেষণা প্রতিবেদনটি ন্যূনতম একজন সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কর্তৃক মূল্যায়ন করা হবে। প্রয়োজন হলে চূড়ান্ত গবেষণা প্রতিবেদন প্রধান গবেষক বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী পরিবর্তন,পরিমার্জন, সংযোজন ও বিয়োজন করবেন।

১২। প্রকল্প শেষ হওয়ার পর তিন মাসের মধ্যে চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের তিন (০৩) কপি পরিচালক (গবেষণা ও সম্প্রসারন)-এর অফিসে জমা দিতে হবে। চূড়ান্ত গবেষণা প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে জমা না দিলে ১৫ দিন সময় দিয়ে সর্বোচ্চ দুই (২) টি তাগিদ পত্র দেয়া হবে। সর্বশেষ তাগিদপত্রটি চূড়ান্ত তাগিদপত্র হিসেবে গণ্য হবে।

১৩। চূড়ান্ত তাগিদপত্র দেয়ার পরেও চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে ব্যর্থ হলে প্রকল্পটি বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে প্রকল্পের অনুকুলে ছাড়কৃত সমুদয় অর্থ ফেরত দিতে প্রকল্পের প্রধান গবেষক (PR) বাধ্য থাকবেন। নিদিষ্ট সময়সীমার মধ্যে প্রকল্পের প্রধান গবেষকের নিকট হতে অর্থ ফেরৎ পাওয়া না গেলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

pdfelement

১৪। প্রকল্পের কাজ চলাকালীন সময়ে প্রধান গবেষক (PR) অন্য কোনো প্রকল্পের কাজে হাত দেয়া বা কাজ অসমাপ্ত রেখে দীর্ঘ দিনের জন্য (তিন মাসের বেশী) বিদেশ গমনের পূর্বে প্রধান গবেষককে পরিচালক (গবেষণা ও সম্প্রসারন)-এর অনুমতি নিতে হবে। বিদেশ গমনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই মর্মে নিশ্চিত হবে যে, প্রকল্পের প্রধান গবেষক বিশ্ববিদ্যালয় থেকে গৃহীত অর্থের পূর্ণ হিসাব দাখিল করেছেন এবং অব্যবহৃত অর্থ (যদি থাকে) ফেরত দিয়েছেন।

১৫। প্রকল্প চলাকালীন সময়ে কোনো গবেষক চাকরি থেকে অব্যহতি নিলে কিংবা চাকরি থেকে অবসর গ্রহন করলে অথবা কোন কারনে গবেষণা কার্যক্রম ব্যহত হলে উক্ত প্রকল্প অনুকুলে ছাড়কৃত অর্থের সমন্বয় বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী করা হবে।

১৬। বিশ্ববিদ্যালয় সমূহের অন্যান্য আর্থিক লেনদেনের মতো গবেষণা সংক্রান্ত যাবতীয় আর্থিক লেনদেনের বিষয়টি বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ নিরীক্ষণ ও সরকারী নিরীক্ষণের আওতাভুক্ত হবে।

১৭। ইউজিসি এবং বিশ্ববিদ্যালয়ের আর্থিক সাহায্যে সম্পাদিত গবেষণা কাজের ফলাফল প্রকাশনার জন্য সংশ্লিষ্ট গবেষককে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ)-এর পূর্ব অনুমতি নিতে হবে এবং সকল প্রকশনায় ইউজিসি এবং বিশ্ববিদ্যালয়ের আর্থিক অনুদানের কথা উল্লেখ করতে হবে।

**খ) এক্সটারনাল গবেষণা ফান্ড পরিচালনার শর্তাবলী**

ইউজিসি বা অত্র বিশ্ববিদ্যালয়ের গবেষণা বরাদ্দের ব্যতিরেকে দেশের ভিতর বা দেশের বাহিরের কোন সংস্থা বা অন্য কোন দেশ কর্তৃক গবেষণা পরিচালনার জন্য কোন শিক্ষক/শিক্ষকগন গবেষণা ফান্ড বরাদ্দ প্রাপ্ত হলে নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলী অনুসরন করতে হবেঃ

১। বিশ্ববিদ্যালয়ের বাহিরে দেশীয় বা দেশের বাহিরে কোন দেশ বা সংস্থার নিকট হইতে কোন শিক্ষক/শিক্ষকগন কর্তৃক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য অর্থসংস্থানের আবেদন করার ক্ষেত্রে পরিচালক (গবেষনা ও সম্প্রসারণ) এর মাধ্যমে প্রস্তাব পাঠাতে হবে।

২। অত্র বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক/শিক্ষকগন দেশীয় বা দেশের বাহিরে কোন দেশ বা সংস্থার নিকট হইতে গবেষণা প্রকল্প বাস্তবায়নে বা গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য কোন অর্থ বরাদ্দ পাইলে উক্ত অর্থের শতকরা পাঁচ ভাগ (৫%) উপরিব্যয় (overhead cost) হিসেবে বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও সম্প্রসারণ অধিদপ্তরের আকাউন্টে জমা দিতে হবে।

গ) টেকনোলজি ট্র্যান্সফার এবং প্যাটেন্ট বিষয়ক শর্তাবলীঃ

১। বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক/শিক্ষকগনকে তার/তাহাদের গবেষণা ফলাফল প্যাটেন্ট বা টেকনোলজি ট্র্যান্সফারের জন্য দেশ বা দেশের বাহিরের কোন সংস্থার নিকট আবেদন করতে হলে তা পরিচালক (গবেষনা ও সম্প্রসারণ) এর মাধ্যমে আবেদন পাঠাতে হবে।

২। প্যাটেন্ট বা টেকনোলজি ট্র্যান্সফারের ক্ষেত্রে জাতীয় প্যাটেন্ট নীতিমালা এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ে প্রচলিত নিয়ম অনুসরন করা হবে। বিশেষক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও সম্প্রসারণ কার্যালয় (ORE) উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে গঠিত কমিটির মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ করবেন।

pdfelement
Remove Watermark Now